



# Eastern University

SA

আহবায়ক  
শিক্ষা সহায়ক কার্যক্রম  
ও সংস্কৃতি বিষয়ক কমিটি

*[Handwritten signature]*  
কমিটি

বরাবর  
অধ্যক্ষ

বিষয়: 'পদ্মা সেতু: উন্নয়নের জয়যাত্রা' বিষয়ে রচনা প্রতিযোগিতা

প্রিয় মহোদয়

ইস্টার্ন ইউনিভার্সিটির পক্ষ থেকে আপনাকে জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা। এই ইউনিভার্সিটির ফ্যাকাল্টি অব আর্টসের পক্ষ থেকে সারা দেশের কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের জন্য 'পদ্মা সেতু: উন্নয়নের জয়যাত্রা' শীর্ষক এক রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীকে যথাক্রমে দশ হাজার, আট হাজার ও ছয় হাজার টাকা নগদ পুরস্কার, চতুর্থ থেকে বিশতম স্থান অধিকারীকে আকর্ষণীয় বই উপহার এবং অংশগ্রহণকারী সবাইকে সার্টিফিকেট দেয়া হবে।

অনধিক ১৫০০ শব্দে লেখা রচনাটি শিক্ষার্থীকে নিজ হাতে অথবা কম্পিউটারে কম্পোজ করে ১৩ সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে পাঠাতে হবে এই ঠিকানায়- ডিন, কলা অনুষদ, কক্ষ নং ৫১১, ইস্টার্ন ইউনিভার্সিটি, রোড নং ৬, ব্লক এ, আশুলিয়া মডেল টাউন, সাভার, ঢাকা-১৩৪৫। অথবা ডিন, কলা অনুষদ, কক্ষ নং ৫১৬, ইস্টার্ন ইউনিভার্সিটি, বাড়ি নং ৩ (৫ম তলা), রোড নং ৩, মিরপুর রোড, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫। ই-মেইলেও পাঠানো যাবে- [essay\\_competition@easternuni.edu.bd](mailto:essay_competition@easternuni.edu.bd)।

রচনার শিরোনামের নিচে নিজের পূর্ণ নাম, কলেজের নাম, রোল নম্বর, ই-মেইল আইডি ও মোবাইল নম্বর অবশ্যই দিতে হবে।

আমার দৃঢ় বিশ্বাস, তরুণ প্রজন্মকে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে পদ্মা সেতুর ভূমিকা সম্পর্কে জ্ঞানার্জনে আগ্রহী করে তুলতে আমাদের এই আয়োজনে আপনার সার্বিক সহযোগিতা পাবো।

আপনার সর্বস্বীন সুস্থতা কামনা করছি।

মোহাম্মদ মনিরুজ্জামান আকন্দ  
ডিন, (ভারপ্রাপ্ত)  
কলা অনুষদ  
ইস্টার্ন ইউনিভার্সিটি